সাতক্ষীরায় খাবারের সাথে চেতনানাশক মিশিয়ে দুর্ধর্ষ চুরি

লেখক: প্রকাশক | প্রকাশিত: 07 November 2026, 12:19 AM | বিভাগ: সারাদেশ



সাতক্ষীরার তালায় রাতের আঁধারে খাবারের সাথে চেতনানাশক মিশিয়ে একটি বাড়িতে দুর্ধর্ষ চুরির ঘটনা ঘটেছে। চেতনানাশকের ক্রিয়ায় পরিবারের সদস্যরা অচেতন হয়ে পড়লে দুর্বৃত্তরা বাড়ি থেকে ১৮ ভরি ওজনের স্বর্ণের গহনা ও নগদ ৪ লাখ টাকাসহ অন্যান্য মালামাল লুট করে নিয়ে যায় বলে জানা গেছে।

বৃহস্পতিবার (৫ নভেম্বর) ভোররাত ২টার দিকে সাতক্ষীরার তালা উপজেলার খেশরা ইউনিয়নের হরহিরনগর গ্রামে এই ঘটনা ঘটে।

অজ্ঞান ও অসুস্থ অবস্থায় গৃহকর্তা হরহিরনগর গ্রামের সবুজ সরদার এবং তার বাবা মতলেব সরদারকে সাতক্ষীরা ব্লিস হাসপাতালে ভর্তি করা হয়েছে।

স্থানীয় সূত্রে জানা যায়, গত ৫ নভেম্বর ভোর রাত ২টার দিকে তালা উপজেলার হরহিরনগর গ্রামের সবুজ সরদারের বাড়িতে রাতের খাবারের সাথে কৌশলে চেতনানাশক ঔষধ মিশিয়ে দেওয়া হয়। রাতে পরিবারের সবাই সেই খাবার খেয়ে গভীর ঘুমে আচ্ছন্ন ও অচেতন হয়ে পড়েন। সুযোগ বুঝে দুর্বৃত্তরা ঘরে ঢুকে

আলমারি ও ড্রয়ার ভেঙে ১৮ ভরি ওজনের স্বর্ণের গহনা এবং নগদ ৪ লাখ টাকাসহ অন্যান্য মূল্যবান মালামাল লুট করে নিয়ে যায়।

সকালে বাড়ির লোকজনের সাড়াশব্দ না পেয়ে প্রতিবেশীরা ঘরে গিয়ে তাদের অচেতন অবস্থায় দেখতে পান। পরে দ্রুত তাদের উদ্ধার করে সাতক্ষীরা ব্লেসি হাসপাতালে ভর্তি করা হয়। এ ঘটনায় এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

তালা থানার অফিসার্স ইনচার্জ (ওসি) আব্দুল আলিম বিষয়টি নিশ্চিত করে জানান, পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। মালামাল উদ্ধার ও আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন আছে।

© 2026 আপনার নিউজ পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষিত।
এই প্রতিবেদনটি আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা হয়েছে।